ত্রৈমাসিক

রাজউক বার্তা

রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের প্রকাশনা

ভলিউম-৬, সংখ্যা-৩, জানুয়ারি-মার্চ ২০১৪, বাংলা ১৪২০-২১

রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক)

রাজউক ভবন, ঢাকা-১০০০

ফোন : ৮৮-০২-৯৫৫৭৬৯৫

www.rajukdhaka.gov.bd

উপদেষ্টা পরিষদ

প্রধান উপদেষ্টা

প্রকৌশলী মোঃ নুরুল হুদা
চেয়ারম্যান, রাজউক

উপদেষ্টাবৃন্দ

শেখ আব্দুল মান্নান, সদস্য, রাজউক
ভবেশ চন্দ্র পোদ্দার, সদস্য, রাজউক
শেখ মোহাম্মদ শামীম ইকবাল, সদস্য, রাজউক
নাইম আহমেদ খান, সদস্য, রাজউক
মোঃ আবদুল হাই, সদস্য, রাজউক
সৈয়দ নজরুল ইসলাম, পরিচালক, রাজউক
মুহ. মাহবুবর রহমান, পরিচালক, রাজউক

সম্পাদক

মোঃ আশরাফ আলী আখন্দ
উপ-নগর পরিকল্পনাবিদ, রাজউক

সহকারী সম্পাদক

মোঃ মুসা আখন্দ, উপ-পরিচালক, রাজউক
মাহফুজা আক্তার, উপ-নগর পরিকল্পনাবিদ, রাজউক

অন্য পাতায়

পরিকল্পনা	০২	ভূমি ও এস্টেট	০৩
উন্নয়ন নিয়ন্ত্রণ	০৩	আইন	০৫
উন্নয়ন	০৩	নিরীক্ষা	০৫
প্রশাসন ও অর্থ	০৩	বিবিধ	০৬

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর সাথে রাজউকের কমকর্তাগণের মতবিনিময় সভা

জানুয়ারি ১৯, ২০১৪ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী ইঞ্জিনিয়ার মোশারফ হোসেন রাজউকের কর্মকাণ্ড সম্পর্কে অবহিত হওয়ার জন্য রাজউক সভাকক্ষে এক মতবিনিময় সভায় মিলিত হন। সভায় রাজউকের সাংগঠনিক কাঠামো, রাজধানীর উন্নয়ন পরিকল্পনা ও উন্নয়ন প্রকল্পসমূহের হালনাগাদ অগ্রগতি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে উপস্থাপন করা হয়। অনুষ্ঠানে মন্ত্রী বলেন বর্তমান সরকারের পূর্ববর্তী আমলে তিনি মন্ত্রী থাকাকালে উত্তরা, পূর্বাচল, ঝিলমিল প্রকল্পের কাজ শুরু করেন। প্রকল্পগুলিতে বিশেষ করে পূর্বাচল প্রকল্পে দৃশ্যমান কিছু অবকাঠামো নির্মাণের জন্য জরুরী পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন।

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সচিব-এর সাথে রাজউকের কমকর্তাগণের সাথে মতবিনিময় সভা

ফেব্রুয়ারি ১৩, ২০১৪ তারিখে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব, জনাব গোলাম কিবরিয়া রাজউকের কর্মকাণ্ড সম্পর্কে অবহিত হওয়ার জন্য রাজউক সভাকক্ষে এক মতবিনিময় সভায় মিলিত হন। সভায় রাজউকের সাংগঠনিক কাঠামো, রাজধানীর উন্নয়ন পরিকল্পনা ও উন্নয়ন

চলমান পাতা ২

সম্পাদকীয়

শুভ বাংলা নববর্ষ ১৪২১, আবহমান বাংলার ঐতিহ্যে এবারের বাংলা নববর্ষ উদ্‌যাপন সার্বজনীন রূপ লাভ করেছে। এ উপলক্ষ্যে বিভিন্ন সামাজিক সাংস্কৃতিক সংস্থা, প্রতিষ্ঠান ব্যাপক কর্মসূচী পালন করেছে। গ্রামীণ মেলার প্রায় সকল কৃষ্টি-আচার আয়োজন জাতি ধর্ম-বর্ণ নির্বিশেষে শহর জীবনেও প্রতিফলিত হয়েছে। অত্র সংস্থায় কর্মরত সকল জাতিধর্মের কর্মকর্তা/কর্মচারীগণও শুভেচ্ছা বিনিময়সহ নানা কর্মসূচিতে অংশগ্রহণ করেন। গেল বছরের সকল গ্লানি, জরা দূর করে নতুন বছরে সুষ্ঠু গতিশীল রাজউক গড়ে তুলতে সকলেই অঙ্গীকারাবদ্ধ। সরকারের প্রতিশ্রুত অগ্রাধিকার প্রকল্পগুলো নির্ধারিত সময়ে সম্পন্ন করার জন্য সকলেই এগিয়ে আসবেন আশাকরি। বিশেষ করে বৃহৎ প্রকল্প যেমন- উত্তরা এপার্টমেন্ট, উত্তরা আদর্শ শহর, পূর্বাচল ও ঝিলমিল আবাসিক প্রকল্পে দৃশ্যমান অবকাঠামো নির্মাণে দ্রুত পদক্ষেপ গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে আন্তরিকতার সাথে কাজ করবেন। এ প্রান্তিকে নতুন কিছু পদে কর্মকর্তা নিয়োগ পাওয়ায় আগামী দিনে জোনাল অফিসসহ রাজউকের কাজে আরও গতিশীলতা পাবে আশা করি। গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মাননীয় মন্ত্রী ও সচিব মহোদয়কে রাজউকের পক্ষ থেকে স্বাগত জানাই। আশা করি আগামী দিনগুলোতে রাজউক সহ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের কর্মকান্ড আরও গতিশীল হবে।

পরবর্তী সংখ্যা হতে রাজউক বার্তার প্রধান উপদেষ্টার পরিবর্তন আসছে। বিদায়ী প্রধান উপদেষ্টা প্রকৌ. নূরুল হুদা দায়িত্ব পালনকালীন সময়ে রাজউক বার্তার মান উন্নয়নে গঠনমূলক পরামর্শ, নির্দেশনাসহ সকল ধরণের সহযোগিতা দিয়ে প্রকাশনাটিকে বর্তমান অবস্থায় নিয়ে এসেছেন। রাজউক বার্তার পক্ষ থেকে তাঁর প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। রাজউক বার্তার নবাগত প্রধান উপদেষ্টা প্রকৌ. জি. এম. জয়নাল আবেদীন ভূঁইয়াকে রাজউক-এর পক্ষ থেকে স্বাগতম।

প্রকল্পসমূহের হালনাগাদ অগ্রগতি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে উপস্থাপন করা হয়। সভায় সেবা ধর্মী এ প্রতিষ্ঠানের কাজে স্বচ্ছতা ও গতিশীলতা আনয়নের উপর তিনি গুরুত্ব আরোপ করেন।

পরিকল্পনা

নগর পরিকল্পনা শাখার অঞ্চল-১-এ ০১/১০/২০১৪ হতে ৩১/১২/২০১৪ পর্যন্ত মোট ভূমি ব্যবহার ছাড়পত্রের আবেদন জমা পড়েছে-১৬২টি। তার মধ্যে অনুমোদন হয়েছে-২০টি, প্রত্যাখ্যান পত্র দেয়া হয়েছে-০৫টি এবং পত্র ও প্রক্রিয়াধীন সংখ্যা-১৩৭টি।

নগর পরিকল্পনা শাখার অঞ্চল-২-এ ০১/১০/২০১৩ হতে ৩১/১২/২০১৪ পর্যন্ত মোট ভূমি ব্যবহার ছাড়পত্রের আবেদন জমা পড়েছে-৩৭৫টি। তার মধ্যে অনুমোদন হয়েছে-২০৩টি, প্রত্যাখ্যান পত্র দেয়া হয়েছে-০৩টি এবং পত্র ও প্রক্রিয়াধীন সংখ্যা-৩০টি।

নগর পরিকল্পনা শাখার অঞ্চল-৩-এ ০১/১০/২০১৪ হতে ৩১/১২/২০১৪ পর্যন্ত মোট ভূমি ব্যবহার ছাড়পত্রের আবেদন জমা পড়েছে-২৭১টি। তার মধ্যে অনুমোদন হয়েছে-৫৫টি, প্রত্যাখ্যান পত্র দেয়া হয়েছে-০৩টি এবং পত্র ও প্রক্রিয়াধীন সংখ্যা-২১৩টি।

নগর পরিকল্পনা শাখার অঞ্চল-৪-এ ০১/১০/২০১৪ হতে ৩১/১২/২০১৪ পর্যন্ত মোট ভূমি ব্যবহার ছাড়পত্রের আবেদন জমা পড়েছে-৪০৬টি। তার মধ্যে অনুমোদন হয়েছে-১০৭টি, প্রত্যাখ্যান পত্র দেয়া হয়েছে-১০টি এবং পত্র ও প্রক্রিয়াধীন সংখ্যা-২৮৯টি।

জোনাল অফিস- ১ ও ২ স্থাপন

১৯৮০ জনবল সম্বলিত সাংগঠনিক কাঠামোর আওতায় ৮টি জোনাল অফিস স্থাপনের বিষয়ে কর্তৃপক্ষের ১০/১৩তম সাধারণ সভা ও অফিস আদেশ নং- ২২৩/২০১১৩ এর মাধ্যমে উত্তরাস্থ ৬নং সেক্টরের রাজউক কমপ্লেক্সে জোন- ১ ও জোন- ২ এর অফিস স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে সদস্য (উন্নয়ন নিয়ন্ত্রণ), পরিচালক (উন্নয়ন নিয়ন্ত্রণ- ১), সংশ্লিষ্ট জোন পরিচালক, সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী ও জোন সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাসহ সরেজমিন পরিদর্শন করে চালুর ব্যবস্থা করবেন।

ডাটা সেন্টার স্থাপন

রাজউক প্রধান ভবনের ৬ষ্ঠ তলায় ডাটা সেন্টার স্থাপনের লক্ষ্যে ০৬ ফেব্রুয়ারি'১৪ তারিখে নির্বাচিত প্রতিষ্ঠানের বরাবরে কার্যাদেশপত্র জারী করা হয়েছে। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান ডাটা সেন্টার সেন্টার স্থাপন কাজ শুরু করেছে। কম্পিউটারাইজেশন এন্ড এমআইএস প্রকল্পের আওতায় ডাটা সেন্টার স্থাপন কাজ আগামী জুন' ১৪ মাসে সমাপ্ত হবে আশা করা যাচ্ছে। ডাটা সেন্টার বাস্তবায়ন হলে জোনাল অফিসসহ রাজউক প্রধান ভবনের সকল শাখা/বিভাগের ডাটা এন্ট্রির কাজ সহজতর হবে এবং ডাটা স্টোরেজ ও সুষ্ঠুভাবে রক্ষণাবেক্ষণ করা যাবে।

এমআইএস প্রকল্পের আওতায় এস্টেট ম্যানেজমেন্ট ও একাউন্টিং ম্যানেজমেন্ট সফটওয়্যার তৈরির আগ্রহ ব্যক্তকরণ পত্র আহ্বান

এস্টেট ম্যানেজমেন্ট ও একাউন্টিং ম্যানেজমেন্ট সফটওয়্যার বাস্তবায়নের জন্য আলাদাভাবে দু'টি আগ্রহ ব্যক্তকরণপত্র আহ্বাণ করা হয়েছে। প্রতিষ্ঠান নির্বাচনের জন্য RFP ইস্যু করা হয়েছে। দাখিলকৃত প্রতিষ্ঠানগুলোর RFP'র কারিগরি প্রস্তাব মূল্যায়ন করা হয়েছে। কারিগরি ও আর্থিক প্রস্তাব মূল্যায়ন শেষে আগামী মে' ১৪ মাসে নির্বাচিত প্রতিষ্ঠানের বরাবরে কার্যাদেশ জারী করা যাবে বলে আশা করা যায়। সফটওয়্যার দু'টি

বাস্তবায়িত হলে বিষয় ও হিসাব শাখার ডাটা এন্ট্রি ও তথ্য ব্যবস্থাপনা সুষ্ঠু ও দ্রুততার সহিত সম্পন্ন করা যাবে এবং স্বচ্ছতা নিশ্চিতকরণ সম্ভব হবে।

উন্নয়ন ও নিয়ন্ত্রণ

বিগত ৩ (তিন) মাসে উন্নয়ন নিয়ন্ত্রণ শাখা কর্তৃক ৩৩০ টি ইমারতের নকশা অনুমোদিত হয়েছে ও ৪০ টি বৃহদায়তন ও বিশেষ প্রকল্প নকশা অনুমোদন করা হয়েছে। রিয়েল এস্টেট উন্নয়ন ও ব্যবস্থাপনা আইন, ২০১০ অনুযায়ী ৬৬টি কোম্পানীকে ইমারত নির্মাণকারী উদ্যোক্তা হিসাবে নিবন্ধন প্রদান করা হয়েছে।

২০০৯ সাল হতে ২০১৩ সাল পর্যন্ত অথরাইজড অফিসার-১/বি এর জমাকৃত, অনুমোদিত, আপত্তি/বাতিল/অঅনুমোদিত নথির সংখ্যা ঃ

২০০৯ সালে জমা-২৫৯টি, আপত্তি-৫৫, অনুমোদন-২০৪টি।
২০১০ সালে জমা-২২১টি, আপত্তি-১৩৭টি, অনুমোদন-৮৪টি।
২০১১ সালে জমা-৩২৩টি, আপত্তি-৮৯টি, অনুমোদন-২৩৪টি।
২০১২ সালে জমা-২৭০টি, আপত্তি-৮৪টি, অনুমোদন-১৮৬টি।
২০১৩ সালে জমা-২৩৩টি, আপত্তি-১০২টি, অনুমোদন-১৩১টি।

২০০৯ সাল হতে ২০১৩ সাল পর্যন্ত অথরাইজড অফিসার-১/এ এর জমাকৃত, অনুমোদিত, আপত্তি/বাতিল/অঅনুমোদিত নথির সংখ্যা-২০০৯ সালে জমা-৩৬২টি, আপত্তি-৪০টি, অনুমোদন-৩২২টি। ২০১০ সালে জমা-৪০২টি, আপত্তি-৪৪টি, অনুমোদন-৩৫৮টি।২০১১ সালে জমা৩৮৯টি, আপত্তি-৩৬টি, অনুমোদন-৩৫৩টি। ২০১২ সালে জমা-৩৪৩টি, আপত্তি-৫৬টি, অনুমোদন-২৮৭টি। ২০১৩ সালে জমা-২৬১টি, আপত্তি-৯৭টি, অনুমোদন-১৬৪টি।

ভূমি ও এস্টেট

ঝিলমিল আবাসিক প্রকল্পের ২য় কিস্তির টাকা পরিশোধের সময়সীমা বৃদ্ধি

ঝিলমিল প্রকল্পের সকল ক্যাটেগরির প্লট বরাদ্দ প্রাপকগণকে ২য় কিস্তির টাকা বিলম্ব ফি বিহীন আগামী ২৯ শে মে' ১৪ পর্যন্ত বর্ধিত করা হয়েছে।

ঝিলমিল আবাসিক প্রকল্পের প্লট হস্তান্তর

রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের কেরানীগঞ্জ উপজেলা বাস্তবায়নাধীন ঝিলমিল আবাসিক প্রকল্পের প্লট গ্রহীতাদের মধ্যে জানুয়ারী হতে মার্চ পর্যন্ত বিভিন্ন সেক্টরে মোট ১৩৩টি প্লট হস্তান্তর করা হয়েছে। এর মধ্যে- ১ নম্বর সেক্টরে ২.৫০ কাঠার ৪টি, ৩ কাঠার ১টি, ৫ কাঠার ১৫টি, সর্বমোট ২০টি। ২ নম্বর সেক্টরে ২.৫০ কাঠার নাই, ৩ কাঠা আয়তনের ৫১টি, ৫ কাঠা আয়তনের নাই, সর্বমোট-৫১টি। ৪ নম্বর সেক্টরে ২.৫০ কাঠা আয়তনের ৩টি, ৩ কাঠা আয়তনের ৪২টি, ৫ কাঠা আয়তনের ৪৫টি। ৫ সেক্টরের ২.৫০ কাঠা আয়তনের নাই, ৩ কাঠা আয়তনের ১টি, ৫ কাঠা আয়তনের ৭টি, সর্বমোট ৮টি। ৬ নম্বর সেক্টরের ২.৫০ কাঠা আয়তনের ২টি, ৩ কাঠা আয়তনের নাই, ৫ কাঠা আয়তনের ৭টি, সর্বমোট ৯টি।

পূর্বাচল প্রকল্পের ৩নং সেক্টরের উন্নয়নকৃত কিছু প্লটের দখল হস্তান্তর সংক্রান্ত

পূর্বাচল প্রকল্পের ৩নং সেক্টরে ২০০৩ ও ২০১০ সালের কিছু সংখ্যা বরাদ্দ প্রাপকদের প্লটের দখল হস্তান্তর ০৩/০২/১৪ তারিখ হতে ১১/০৩/১৪ তারিখের মধ্যে দেয়া হয়। প্লটের নম্বর, রাস্তার নম্বর ও দখল হস্তান্তরের তারিখ প্রভৃতি রাজউকের ওয়েব সাইট থেকে জানা যাবে। অচিরেই ৩নং সেক্টরসহ অন্যান্য সেক্টরে আরও বেশ কিছু প্লটের দখল হস্তান্তর দেয়া হবে।

উন্নয়ন

হাতিরঝিল এলাকায় বিভিন্ন সেবা কাজ পরিচালনার জন্য আগ্রহ পত্র আহ্বান

হাতিরঝিল এলাকায় নাগরিক সেবা বৃদ্ধি, নির্বিঘ্ন ও আনন্দময় করার জন্য বাস, জলযান, ট্যাক্সি সার্ভিস, ভাসমান রেস্তোরা, ফুড শপ, স্যুভেনীর শপ, কার পার্কিং প্রভৃতি সেবা কাজ ব্যবস্থাপনা ও পরিচালনার জন্য আগ্রহ পত্র আহ্বান করা হয়েছে। আগ্রহ পত্র জমাদানের সর্বশেষ তারিখ ২৬ মে' ১৪ দুপুর ১২.০০ টা পর্যন্ত। এ ধরনের সেবা কাজগুলো বাস্তবায়ন করা হলে নগরবাসীর চিত্তবিনোদনের ক্ষেত্র আরও সম্প্রসারিত হবে।

প্রশাসন ও অর্থ

পদায়ন

রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষেও সুষ্ঠু কাজের স্বার্থে জনাব শাহ দিদারুল আলম শামীম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও উপ-প্রকল্প পরিচালক, উত্তরা এপার্টমেন্ট প্রকল্প, রাজউক-কে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (যান্ত্রিক) হিসেবে পদায়ন করা হয়। জনাব জাফর

আহমেদ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (বৈদ্যুতিক ও যান্ত্রিক)-কে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (বৈদ্যুতিক) পদে পদায়ন ও উপ প্রকল্প পরিচালক, উত্তরা এপার্টমেন্ট এর অতিরিক্ত দায়িত্ব প্রদান করা হয়। জনাব মোঃ জামশেদ আলী, নির্বাহী প্রকৌশলী (বৈদ্যুতিক), নির্বাহী প্রকৌশলী (বৈদ্যুতিক-১) হিসেবে জনাব মোঃ জুলফিকার আলী খাঁন, নির্বাহী প্রকৌশলী (সম্পদ)-কে নির্বাহী প্রকৌশলী বৈদ্যুতিক-২) হিসেবে পদায়ন করা হয়। জনাব মুহম্মদ মুসা আখন্দ, উপ-পরিচালক (প্রশাসন), উপ-পরিচালক (প্রশাসন, জোন-২ হিসেবে পদায়ন ও সংযুক্ত কর্মস্থল উপ-পরিচালক এম.আই.এস প্রকল্প।

জনাব মোহাম্মদ আসাদুজ্জামান, সহকারী পরিচালক (হিসাব)-কে সহকারী পরিচালক (ব্যাংক ও সমন্বয়), হিসাব শাখায় পদায়ন করা হয়।

জনাব সুকমল চাকমা, অথরাইজড অফিসার জোন ৪/২ হতে হতে ৪/১ পদে অথরাইজড অফিসার হিসেবে পদায়ন করা হয়। জনাব মোঃ ইফতেখার আহমেদ চৌধুরী, উপ-পরিচালক-কে উপ পরিচালক (এষ্টেট ও ভূমি-৪) হিসেবে পদায়ন করা হয়।

জনাব মোঃ আব্দুল ওয়াদুদ, উপ-পরিচালক (এষ্টেট ও ভূমি-৪)-কে উপ-পরিচালক (এষ্টেট ও ভূমি-১) -এ পদায়ন করা হয়। জনাব মোঃ আবদুল আউয়াল, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সিভিল)-কে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ডিজাইন) হিসেবে পদায়ন করা হয়।

দায়িত্ব প্রদান

রাজউকের পরিচালক (জোন-৪) জনাব মুহাম্মদ মাহবুবুর রহমান-কে পরিচালক (প্রশাসন) এবং জনাব সুশান্ত চাকমা, পরিচালক প্রশাসন চলতি দায়িত্ব -কে সচিব, রাজউক এর দায়িত্ব প্রদান করা হয়।

জনাব দুলাল কৃষ্ণ সাহা, পরিচালক (জোন-৮)-কে পরিচালক (জোন-৮) ও পরিচালক (জোন-৬) পদে অতিরিক্ত দায়িত্ব প্রদান করা হয়। জনাব মুহঃ মাহবুবুর রহমান পরিচালক (জোন-৪)-কে পরিচালক (প্রশাসন) ও পরিচালক (জোন-৪) পদে অতিরিক্ত দায়িত্ব প্রদান করা হয়। জনাব সুশান্ত চাকমা উপ-পরিচালক (প্রশাসন)-কে পরিচালক (জোন-১) পদে চলতি দায়িত্ব প্রদান করা হয়।

পদোন্নতি

কর্তৃপক্ষের ১২/২০১৩ তম সাধারণ সভার সিদ্ধান্ত সংশোধনক্রমে পরিসংখ্যানবিদকে মিসেস শামীমা মোমেনকে উপ-পরিচালক (প্রশাসন), পদে পদোন্নতি প্রদান করা হয়।

কর্তৃপক্ষের অফিস আদেশ এর মাধ্যমে জনাব হাসান মাহমুদ, সহকারী প্রকৌশলী (সিভিল)-কে নির্বাহী প্রকৌশলী (সিভিল) পদে পদোন্নতি প্রদান করা হয়।

অফিস আদেশ নং- ২৩১/২০১৩ তারিখঃ ২৪/১২/২০১৩ এর মাধ্যমে কর্তৃপক্ষের সহকারী সচিব (বিএমসিআরপি), উপ-পরিচালক (এমআইএস) এর চলতি দায়িত্বে নিয়োজিত জনাব মুহম্মদ মুসা আখন্দ-কে উপ-পরিচালক (প্রশাসন) পদে পদোন্নতি প্রদান করা হয়। তিনি 'রাজউক বার্তা'র সহকারী সম্পাদক।

কর্তৃপক্ষের অফিস আদেশ এর মাধ্যমে জনাব মোঃ ইকরাম ইলাহী, উপ-পরিচালক (বোর্ড, জনসংযোগ ও প্রটোকল)-কে সচিব পদে চলতি দায়িত্ব প্রদান পূর্বক চেয়ারম্যান মহোদয়ের দফতরে সংযুক্ত।

বদলী

জনাব বিশ্বজিৎ কুমার সিংহ, ইমারত পরিদর্শক নকশা অনুমোদন শাখার জোন-৪/৩ হতে জোন ২/৩-এ বদলী করা হয়। জনাব ফিরোজ হোসেন, ইমারত পরিদর্শক, নকশা অনুমোদন শাখার জোন ৪/৩ হতে জোন ৮/৩-এ বদলী করা হয়।

কমিটি গঠন

রাজউকে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের গ্রেডেশন তালিকা প্রণয়ন করার লক্ষ্যে নিম্নলিখিত কর্মকর্তাদের সমন্বয়ে কমিটি পুনঃ গঠন করা হয়।

ক) সদস্য (প্রশাসন ও অর্থ), রাজউক, ঢাকা - আহ্বায়ক
খ) সদস্য (উন্নয়ন নিয়ন্ত্রণ), রাজউক, ঢাকা - সদস্য
গ) সদস্য (পরিকল্পনা), রাজউক, ঢাকা - সদস্য
ঘ) প্রধান প্রকৌশলী (বাস্তবায়ন), রাজউক, ঢাকা - সদস্য
ঙ) পরিচালক (প্রশাসন), রাজউক, ঢাকা - সদস্য
চ) পরিচালক (জোন-৪), রাজউক, ঢাকা - সদস্য
ছ) উপ-পরিচালক (প্রশাসন), রাজউক - সদস্য সচিব।

কমিটি আগামী ৩০ (ত্রিশ) কার্য দিবসের মধ্যে হালনাগাদ গ্রেডেশন তালিকা প্রণয়ন করে কর্তৃপক্ষের নিকট দাখিল করবে।

যোগদান

জনাব মোঃ আব্দুল হাই, সদস্য (উন্নয়ন ও নিয়ন্ত্রণ) পদে যোগদান করেন।

যে কোন প্রয়োজনে দালাল নয় বরং সরাসরি সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে যোগাযোগ করুন

আইন শাখা

রাজউকের আইন শাখা একটি গুরুত্বপূর্ণ শাখা। এখানে রীট, সিভিল ও আরবিট্রেশনসহ কমবেশী ৫১৭৬টি মামলা রয়েছে। উক্ত অনিস্পন্ন রীট মামলা ও আরবিট্রেশন মামলা ও দেওয়ানী মামলাগুলি দ্রুত নিস্পত্তির জন্য যথাযথ ব্যবস্থা গ্রহন করা হয়েছে। অন্যদিকে বিল্ডিং ডেভিয়েশন করে নির্মাণ এবং জালিয়াতি কণ্ডে প্ল্যান তৈরী ইত্যাদি কারণে রাজউক মোবাইলকোর্ট কর্তৃক বেশ কিছু মামলা দায়ের করা হয়েছে/হচ্ছে। রাজউক ০৩(তিন) জন বিজ্ঞ ম্যাজিস্ট্রেটের মাধ্যমে নিয়মিত মোবাইল কোর্ট ও উচ্ছেদ অভিযান পরিচালিত হচ্ছে। রাজউকের মামলা পরিচালনার জন্য ১০৩ (একশত তিন) জন বিজ্ঞ প্যানেল আইনজীবি নিয়োজিত আছেন। রাজউকের বিভিন্ন শাখা/বিভাগের নথিতে আইনগত মতামত প্রদানের জন্য ৪ জন বিজ্ঞ আইন উপদেষ্টা ও ০১ জন আইন পরামর্শক চুক্তিভিত্তিক নিয়োজিত আছেন। এছাড়াও উচ্চ আদালতের গুরুত্বপূর্ণ মামলা পরিচালনার জন্য মহামান্য সুপ্রীম কোর্টেও সিনিয়র আইনজীবী নিয়োগ দেওয়া হয়ে থাকে এবং জজকোর্টেও গুরুত্বপূর্ণ মামলা রাজউকের পক্ষেও পরিচালনার/তদারকির জন্য বিজ্ঞ জিপিকেও দায়িত্ব দেওয়া হচ্ছে। সকল মামলার কার্যক্রম চেয়ারম্যান মহোদয় নিবিড় পর্যবেক্ষণ করেন বিধায় অধিকাংশ গুরুত্বপূর্ণ মামলার রায় সরকার/রাজউকের পক্ষে হচ্ছে। রাজউকের মামলাগুলো দ্রুত নিস্পত্তি ও রায় পক্ষে করার জন্য চেয়ারম্যান রাজউকের সভাপতিত্বে প্রতি মাসে রাজউকের সভাকক্ষে আইন শাখা সংক্রান্ত মাসিক পর্যালোচনা সভা হচ্ছে। জানুয়ারী/১৪ হতে মার্চ/১৪ পর্যন্ত মোট উৎপত্তিকৃত মামলার সংখ্যা ১০০টি। মহামান্য সুপ্রীমকোর্টেও হাইকোর্ট ও আপীল বিভাগে নিস্পত্তি মামলা ০৪টি এবং বিজ্ঞ জেলা জজ আদালতের নিস্পত্তি মামলা ০৩টি। উল্লিখিত মামলার রায় রাজউকের পক্ষে হয়েছে।

নিরীক্ষা

নিরীক্ষা শাখার তথ্য সমূহ:

স্বচ্ছ ও জবাবদিহীতা মানদন্ড হিসেবে প্রতিটি প্রতিষ্ঠানে যে বিভাগটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে সেটা হলো নিরীক্ষা শাখা। রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের নিরীক্ষা শাখা দীর্ঘদীন যাবৎ ভঙ্গুর অবস্থায় ছিল। রাজউকের মাননীয় চেয়ারম্যান মহোদয়ের নেতৃত্বে পরিচালক (নিরীক্ষা) অত্যন্ত তৎপরতার সাথে এ কাজকে গতিশীল অবস্থায় আনয়নের লক্ষ্যে কাজ করে যাচ্ছেন। রাজউক ১৯৭৪ সাল থেকে শুরু করে অদ্যাবধি অডিট আপত্তির বোঝা বহন করে আসছে। কিন্তু বর্তমানে এর কালিমা কিছুটা লাঘব হচ্ছে। রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের নিরীক্ষা শাখায় তথ্য মতে অডিট আপত্তির সংখ্যা ৮২৭টি। এর মধ্যে সাধারণ ২২১টি অগ্রিম ৪৮৭টি এবং খসড়া অডিট ১১৯টি। পরিচালক নিরীক্ষা অত্যন্ত দক্ষতার সাথে দৃঢ়ভাবে অডিট আপত্তি নিস্পত্তির লক্ষ্যে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছেন। এরই ফল হিসেবে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষে ৩০,০০০ (ত্রিশ হাজার) টা মাত্র বা এর নিম্নে যে ১৪টি অডিট আপত্তি রয়েছে তা "Deligation of Fanancial Powers" এর বলে অবলোপনের উদ্দেশ্যে সংস্থার প্রধানের আদেশক্রমে মন্ত্রণালয়ে প্রেরণ করেছেন যা নিস্পত্তির অপেক্ষায় রয়েছে। এছাড়া রাজউকের হিসাব শাখায় T.I Act এর ১৪৪ অনুচ্ছেদ মোতাবেক প্রত্যেক আর্থিক বছরে নিরীক্ষা কার্য সম্পাদিত হয়েছে। এছাড়া পূর্ত অডিট দপ্তর কর্তৃক একটি টিম ৯০ কার্যদিবসের একটি প্রোগ্রাম নিয়ে রাজউকের অডিট কার্য পরিচালনা করছে। যা শুরু হয়েছে ২৪ শে নভেম্বর ২০১৩ ইং থেকে। রাজউকের রুটিন ওয়ার্ক হিসেবে অর্থ ও হিসাব এবং নিরীক্ষা ও বাজেট শাখায় সহিত প্রত্যেক মাসে সমন্বয় সভা হয়ে থাকে। গত ২২ শে এপ্রিল ২০১৪ ইং তারিখে ১০ম জাতীয় সংসদের হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ১ম বৈঠক অনুষ্ঠিত হয়। এতে ২০০৫-২০০৮ অর্থ বছরের হিসাব সম্পর্কিত মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের বার্ষিক অডিট রিপোর্ট ২০১০-২০১১ এর অডিট আপত্তির অনুচ্ছেদ নং ১, ২, ৩, ৬ ও ৭ এর উপর বিশদ আলোচনা হয়। ১৯৭৪-৭৫ অর্থবছর হতে ১৯৭৮-৭৯ অর্থবছর পর্যন্ত মোট ৩০টি অডিট আপত্তি এবং গত ১০/০৩/১৪ তারিখে ১৯৭৮-৭৯ অর্থবছর হতে ১৯৮৩-৮৪ অর্থবছর পর্যন্ত মোট ২৯ টি অডিট আপত্তি নিয়ে দ্বিপক্ষীয় সভা অনুষ্ঠিত হয়। এই সমস্ত অডিট আপত্তিসমূহ নিস্পত্তির অপেক্ষায় রয়েছে। অডিট শাখাকে গতিশীল ও আরো তৎপর হওয়ার জন্য মাননীয় চেয়ারম্যান মহোদয় নির্দেশ প্রদান করেছেন।

প্রশিক্ষণ

"City Region Developlmet Project" এর আওতায় রাজউক কর্তৃক বাস্তবায়িত Regional Development Planning (RDP) এর অধীনে চীন ও সিঙ্গাপুরে শিক্ষা সফর

এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি) এর আর্থিক সহায়তায় রাজউক কর্তৃক বাস্তবায়িত "City Region Developlmet Project" এর আওতায় Regional Development Planning (RDP) এর অধীনে রাজউক কর্তৃক দেশী-বিদেশী পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের মাধ্যমে বিগত ২৩ ডিসেম্বর ২০১২ তারিখ ঢাকা স্ট্রাকচার প্ল্যান (১৯৯৫-২০১৫) রিভিউ করে রাজউক আওতাধীন ১৫২৮ বর্গ কিঃমিঃ এলাকার জন্য রিভাইজড ঢাকা স্ট্রাকচার প্ল্যান (২০১৬-২০৩৫) প্রণয়নের কাজ শুরু করা হয়েছে। উক্ত প্রকল্পের অধীনে রাজউকের Capacity Building এর লক্ষ্যে বিদেশে শিক্ষা সফরের সংস্থান থাকায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সরকারের বিগত ২৫ ফেব্রুয়ারী ২০১৪ তারিখের আদেশ অনুযায়ী রাজউকের চেয়ারম্যান মোঃ নূরুল হুদার নের্তৃত্বে সাত সদস্য বিশিষ্ট একটি টিম ০৪ মার্চ ২০১৪ হতে ১৫ মার্চ ২০১৪ তারিখ (দশ দিন) চীন ও সিঙ্গাপুর সফর করেন। উক্ত টিমের অন্যান্য সদস্যবৃন্দরা হচ্ছেন ঃ জনাব মোঃ হাবিবুর রহমান, যুগ্ম সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়; জনাব শেখ আব্দুল মান্নান, সদস্য (পরিকল্পনা), রাজউক; জনাব ফয়েজ আহমেদ, মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়; জনাব কে.জেড. হোসেন তৌফিক, নগর পরিকল্পনাবিদ (পরিকল্পনা বাস্তবায়ন), রাজউক; জনাব মোঃ সিরাজুল ইসলাম, নগর পরিকল্পনাবিদ (পরিকল্পনা প্রণয়ন) ও প্রকল্প পরিচালক, RDP, রাজউক; জনাব মোঃ হাসিবুল কবীর, প্রকল্প ব্যবস্থাপক, Regional Development Planning (RDP), রাজউক।

উক্ত শিক্ষা সফর কর্মসূচিতে টিমের সদস্যরা প্রথমে চীনের রাজধানী বেইজিং শহরে ভ্রমণ করেন। বেইজিং শহরের পরিকল্পনা প্রণয়ন, উন্নয়ন নিয়ন্ত্রণ ও বিভিন্ন প্রকল্প বাস্তবায়নের বিষয়ে Ministry of Housing and Urban-Rural Development of the Peoples Republic of China এর বিশেষজ্ঞদের সাথে মতবিনিময় সভা করেন এবং পরবর্তীতে বিভিন্ন প্রকল্প ও স্থাপনা পরিদর্শন করেন। তিনদিন বেইজিং শহরে অবস্থানের পরে চীনের সাংহাই শহরে গমন করেন। সাংহাই শহরে Shanghai Urban Planning Exhibition Hall পরিদর্শন করেন যেখানে সাংহাই শহরের সকল পরিকল্পনা ও প্রকল্প বিস্তারিতভাবে বিভিন্ন মডেলের মাধ্যমে উপস্থাপিত হয়। তাছাড়া, সাংহাই শহরের বিভিন্ন গুরুত্বপূর্ন স্থাপনা পরিদর্শনের মাধ্যমে পরিকল্পনা ও বিভিন্ন প্রকল্প সংক্রান্ত বাস্তবভিত্তিক জ্ঞান অর্জন করেন।

তিনদিন বেইজিং ও তিনদিন সাংহাই ভ্রমনের পরে উক্ত টিম সিঙ্গাপুর গমন করেন। প্রথমে সিঙ্গাপুরের Urban Redevelopment Authority (URA) এর নগর পরিকল্পনাবিদদের সাথে সাক্ষাত করেন এবং সিঙ্গাপুরের পরিকল্পনা প্রণয়ন ও সময়ে সময়ে পরিকল্পনা রিভিউ এবং ঐতিহাসিক স্থাপনা সংরক্ষনের বিষয়ে বিস্তারিত জ্ঞান আহরণ করেন। পরবর্তীতে The Housing and Development Board (HDB) এর সাথে সিঙ্গাপুরের আবাসন সমস্যা ও তা নিরসনে HDB এর পরিকল্পনা ও কার্যক্রম সম্পর্কে একটি মতবিনিময় সভায় অংশগ্রহণ করেন। তাছাড়া, ইমারত নির্মান ও উন্নয়ন নিয়ন্ত্রণ বিষয়ে Building And Construction Authority (BCA) এর সাথে মতবিনিময় সভা এবং The Public Utilities Board (PUB) এর অধীনে বন্যা নিয়ন্ত্রণ, খাবার পানি সরবরাহ ও বিনোদন এর জন্য নির্মিত মেরিনা ব্যারেজ পরিদর্শন করেন।

অবৈধ নির্মাণ থেকে বিরত থাকুন

বিবিধ

মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদ্‌যাপিত

২১ ফেব্রুয়ারি ২০১৪ সারাদেশব্যাপী মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদ্‌যাপিত হয়। এ উপলক্ষে দিনব্যাপী নানা অনুষ্ঠানমালার অংশ হিসেবে শহীদ মিনারে রাজউকের পক্ষ থেকে রাজউকের সদস্য পর্ষদসহ কর্মকর্তাবৃন্দ পুষ্পস্তবক অর্পন করেন।

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মদিন পালন

১৭ মার্চ ২০১৪ তারিখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৯৪তম জন্মদিনে ধানমন্ডি ৩২ নম্বরস্থ বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির জনকের প্রতিকৃতিতে রাজউকের পক্ষ থেকে শ্রদ্ধা জ্ঞাপন করা হয়।

মহান স্বাধীনতা দিবস উদ্‌যাপিত

২৬ মার্চ ২০১৪ মহান স্বাধীনতা দিবস উপলক্ষ্যে রাজউকের চেয়ারম্যান প্রকৌশলী মোঃ নুরুল হুদাসহ রাজউকের কর্মচারী ও কর্মকর্তাবৃন্দ রাজউকের পক্ষ থেকে সাভারে জাতীয় স্মৃতিসৌধে পুস্পস্তবক অর্পন শেষে জাতীয় প্যারেড গ্রাউন্ডে 'লাখো কণ্ঠে জাতীয় সংগীত' অনুষ্ঠানে অংশগ্রহণ করেন।

রাজউক কর্মকর্তা কল্যাণ সমিতির বার্ষিক বনভোজন অনুষ্ঠিত

ফেব্রুয়ারী ১৫, ২০১৪ তারিখে রাজউক কর্মকর্তা কল্যাণ সমিতি'র বার্ষিক বনভোজন অনুষ্ঠিত হয়। পূর্বাচল নতুন শহর প্রকল্পের প্রকল্প অফিসে অনুষ্ঠিত বনভোজনে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. খোন্দকার শওকত হোসেন, সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়। এছাড়াও ছিলেন সস্ত্রীক রাজউকের চেয়ারম্যান প্রকৌশলী জনাব মোঃ নুরুল হুদা এবং রাজউকের কর্মকর্তাবৃন্দ।

শোক সংবাদ

রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের নগর পরিকল্পনাবিদ ড. খুরশিদ জাবিন হোসেন তৌফিক এর মাতা মালেকা জাবিন, বিগত ২৬/০১/২০১৪ তারিখে প্রায় ৭৩ বৎসর বয়সে ইন্তেকাল করেন। (ইন্না লিল্লাহে ওয়া ইন্না ইয়াইহি রাজেউন)। মৃত্যুকালীন সময়ে তিনি তিন ছেলে সহ নাতি নাতনি ও অসংখ্য আত্মীয় স্বজন রেখে যান। শোকাহত পরিবারের প্রতি আমরা গভীর সমবেদনা ও রুহের মাগফেরাত কামনা করছি।



রাজউকের নগর পরিকল্পনা শাখায় নকশাকার জনাব মোঃ সাইফুল ইসলাম বিগত ২৫/০১/২০১৪ তারিখে প্রায় ৫০ বৎসর বয়সে ইন্তেকাল করেন (ইন্না লিল্লাহে ওয়া ইন্না ইলাইহি রাজেউন)। তিনি ২১/০৮/১৯৯১ সনে রেখাকার হিসেবে রাজউকে যোগদান করেন। মৃত্যুতে রাজউকের সহকর্মী ও পরিবারের সদস্যগণ গভীরভাবে শোকাহত। মৃত্যুকালীন সময়ে স্ত্রী, দুই ছেলে ও আত্মীয়স্বজন রেখে যান। শোকাহত পরিবারের প্রতি আমরা গভীর সমবেদনা ও রুহের মাগফেরাত কামনা করছি।

অনুমোদনহীন ও অবৈধ স্থাপনা চিহ্নিত করনে রাজউককে সহায়তা করুন

নিবেদন

রাজউক বার্তায় প্রকাশের জন্য রাজউকের সকল কর্মকর্তা কর্মচারীদেরকে তাদের নিজের এবং পরিবারের সদস্যদের যে কোন অর্জন সংক্রান্ত তথ্য সম্পাদক বরাবর প্রেরণের জন্য আহবান করা হচ্ছে।

Dhaka Metropolitan Development Planning (DMDP) Area
RAJUK Zonal Area Map



প্রকাশক : মোঃ আশরাফ আলী আখন্দ, উপ-নগর পরিকল্পনাবিদ, রাজউক
রাজউকের পক্ষে প্রকাশক কর্তৃক প্রকাশিত ও মেসার্স এন,আর, প্রিন্টার্স, ১২০, আরামবাগ, মতিঝিল, ঢাকা-১০০০ হতে মুদ্রিত।
রাজউক বার্তা রেজিস্ট্রেশন নম্বর ঃ ডিএ/২০০০-২৫, ফোন ঃ (৮৮০-২) ৯৫৫৭৬৯৫ রাজউক পিএবিএক্স ঃ (৮৮০-২) ৯৫৫৬১৬১-৫/১৬৫
ফ্যাক্স ঃ (৮৮০-২) ৯৫৬৩২৯১, ই-মেইল ঃ mashrafbakul@yahoo.com